



খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০২১.১৮. ২২২১

তারিখঃ- ১৯/অগ্রহায়ণ/১৪২৫ বঙ্গাব্দঃ
০৩/ডিসেম্বর/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ - টোনার (HP Laserjet-402) ক্রয়ের লক্ষ্যে রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি-এর কাজে ব্যবহৃত নিম্নবর্ণিত প্রিন্টার টোনার সরবরাহের জন্য অত্র পবিস এর নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

RFQ নং	মালামালের বিবরণ	পরিমাণ	দাখিলকৃত উদ্ধৃত মূল্যে(টাকা)	
			একক মূল্য	মোট মূল্য
২৯/২০১৮- ২০১৯	টোনার (HP Laserjet-402) Original (নমুনা মোতাবেক)	২৮ টি		


কথায়ঃ-

- ০১। রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ- ১০/১২/২০১৮ তারিখ, দুপুর ১২:০০ ঘটিকা।
- ০২। (RFQ) জমা দেয়ার স্থান : পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।
- ০৩। (RFQ) খোলার তারিখ, সময় ও স্থান : ১০/১২/২০১৮ তারিখ, দুপুর ১২:৩০ ঘটিকা, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

শর্তাবলীঃ-

- ০১। দরপত্র উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে/ডাকযোগে/কুরিয়ার যোগে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা যাবে না। দাখিলকৃত সকল দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী দরপত্র দাখিলকৃত স্থানে দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের বিপরীতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন নম্বর, ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতা সনদ (যদি থাকে) সংক্রান্ত প্রমানকের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৩। খামের উপর টোনার (HP Laserjet-402) সরবরাহের RFQ কথাটি স্পষ্টাকারে লিখতে হবে এবং ১০/১২/২০১৮ তারিখ ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবে না মর্মে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪। কার্যাদেশ ইস্যু হওয়ার ৭(সাত) দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে টোনারসমূহ সরবরাহ করতে হবে।
- ০৫। টোনারসমূহের গুণগতমান পবিস পরিদর্শন টীম কর্তৃক যাচাই করে টোনারসমূহ গ্রহন করা হবে।
- ০৬। সরবরাহকৃত টোনার প্রিন্টারে এ্যাডজাস্ট না হলে উক্ত টোনার পরিবর্তন পূর্বক সঠিক টোনার পৌঁছে দিতে হবে।
- ০৭। টোনারসমূহ সম্পূর্ণ নিজ খরচে সমিতির সদর দপ্তরে পৌঁছে দিতে হবে। এক্ষেত্রে কোন প্রকার পরিবহন খরচ প্রদান করা হবে না।
- ০৮। পবিস এর প্রয়োজন অনুযায়ী টোনারের সংখ্যা কম/বেশী হতে পারে। তবে তা ২০% এর কম/বেশী নয়। এ ব্যাপারে পবিস এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৯। সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

- ১০। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।
- ১১। দরপত্র বা মালামালের স্পেসিফিকেশন সম্পর্কে কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১২। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



(শহীদুজ্জামান)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
- ০২। জেলা প্রশাসক, খুলনা।
- ০৩। পুলিশ সুপার, খুলনা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারপবিস-১/২/৩/৪
- ০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, খুলনা।
- ০৬। ডিজিএম- (সদর-কারিগরী)/পাইকগাছা/ডুমুরিয়া জোনাল অফিস, খুলনা পবিস।
- ০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম), খুলনা পবিস।
- ০৮। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), খুলনা পবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)
- ০৯। মেসার্স-----।
- ১০। নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।
- ১১। অফিস/মাষ্টার কপি।

নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।


সিনিয়র জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।
